তারিখ 07 AUG 2016
পৃষ্ঠা ... কলাম ...

দৈনিক
ইত্তেফাক

# জীবননগরে ১০ জন প্রধান শিক্ষকের গোপন বৈঠক!

■ জীবননগর (চুয়াডাঙ্গা) সংবাদদাতা

উপজেলার ১০টি মাধ্যমিক বিদ্যালয়ের ১০ জন প্রধান শিক্ষক বিদ্যালয় চলাকালীন সময়ে কর্মস্থল ত্যাগ করে গোপন বৈঠক করেছেন। শনিবার বেলা ১১টা থেকে দুপুর সাড়ে ১২টা পর্যন্ত উপজেলা শহরের শাপলাকলি আদর্শ মাধ্যমিক বিদ্যালয়ে এই বৈঠক হয়। বিষয়টি উপজেলা নির্বাহী কর্মকর্তা ও মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানার পর বৈঠক শেষ করে তাঁরা কর্মস্থলে ফেরেন। বিদ্যালয় চলাকালীন সময়ে কীভাবে বৈঠক করলেন, এ প্রশ্নের জবাবে শাপলাকলি আদর্শ মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. বাকী বিল্লাহ বলেন, শিক্ষক সমিতির সভাপতি মোবাইলে আমাদেরকে ডেকেছিলেন। তাই বৈঠকে বসেছিলাম। এ ব্যাপারে শিক্ষক সমিতির সভাপতি মো. আকরাম হোসেন জানান, বিদ্যালয় চলাকালীন সময়ে কর্মস্থল ত্যাগ করে বৈঠক করা ভুল হয়েছে। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মো. আমজাদ হোসেন বলেন, তদন্ত করে ওই ১০ শিক্ষকের ব্যাপারে ব্যবস্থা নেওয়া হবে। উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. নূরুল হাফিজ জানান, বিদ্যালয় চলাকালীন সময়ে কর্মস্থল ত্যাগ করে গোপন বৈঠক করা নিয়ম বহির্ভূত কাজ।

জেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মো. আজাহার উদ্দীন বলেন, তদন্ত করে ওই শিক্ষকদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে নির্দেশ দেওয়া হয়েছে। জেলা প্রশাসক সায়মা ইউনুস বলেন, বিদ্যালয় চলাকালীন সময়ে কর্মস্থল ত্যাগ করে গোপন বৈঠক করা মস্তবড় ভুল।